

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ০৬ জুলাই, ২০১৭ এর তারিখ অনুষ্ঠিত (১ম) সভার কার্যবিবরণী :

সভাপতি	:	ইকরামুল হক, অতিরিক্ত সচিব ও সচিবের রুটিন দায়িত্বে
সভার স্থান	:	সম্মেলন কক্ষ
সময়	:	৩.৩০
সভায় উপস্থিত তালিকা	:	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে সভাপতি মহোদয় বলেন যে, স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয় জনাব আবদুল মালেক অসুস্থতাজনিত কারণে দেশের বাহিরে অবস্থান করায় তিনি সচিবের রুটিন দায়িত্ব পালন করছেন। সভায় সচিব মহোদয়ের রোগমুক্তি ও সুস্বাস্থ্য কামনা করে সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি এ বিভাগের পরিচালক (অতিরিক্ত সচিব) মইই উইং ও জনাব এ.বি.এম আরশাদ হোসেন-কে অনুরোধ করেন। সভার সূচনা বক্তব্যে ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, শুদ্ধাচার কৌশলপত্র জাতীয় গুরুত্বপূর্ণ একটি দলিল। রাষ্ট্রের সকল নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক মানবাধিকার এবং রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক সাম্য, স্বাধীনতা ও সু-শাসন প্রতিষ্ঠায় দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিপালন একটি অপরিহার্য পরাকৌশল। সরকারের সকল দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের বিশেষ করে জনগণের নিকট সরাসরি সেবা প্রদানকারীদের ন্যায় নির্ভরযোগ্য সুষ্ঠু, সুন্দর ও টেকসই উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা “সোনার বাংলা গড়ার প্রত্যয়”(National integrity strategy) এর কৌশলপত্রের ২.১০ নং ক্রমিকে স্থানীয় সরকার বিভাগের বিস্তারিত কর্মপরিকল্পনা অনুমোদন করেছেন। সে আলোকে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এ বিভাগের ২০১৬-২০১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কার্যক্রম অনুমোদন করা হয়েছে। সে অনুযায়ী ৩য় কোয়ার্টার (জুন-মার্চ) এ বিভাগের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। বর্তমানে ৪র্থ কোয়ার্টারের প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

১.১ ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব এ.বি.এম আরশাদ হোসেন, পরিচালক (অতিরিক্ত সচিব), সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভায় আরো উল্লেখ করেন যে, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগের ০৮.০৬.২০১৭খ্রিঃ তারিখের স্মারক নং ১৯৭(১) অনুসারে ২০১৭-১৮ অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ ছক প্রস্তুতের নির্দেশাবলী প্রেরণ করা হয়েছে। উক্ত নির্দেশাবলীতে উল্লেখ করা হয়েছে যে, “সরকার ২০১২ সালে ‘সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল’ শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের বিভাগীয়, আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ের কার্যালয়সমূহের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০১৭-১৮ শীর্ষক ৩টি পৃথক নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রণীত নির্দেশিকাসমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কার্যক্রম প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা, অনুসরণীয় পদ্ধতি এবং গৃহীত কার্যক্রম বাস্তবায়নের সময়সূচী অর্ন্তভুক্ত রয়েছে। এ নির্দেশিকা অনুসরণে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ ২০১৭-১৮ অর্থ বছরে তাদের স্ব-স্ব জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কার্যক্রম প্রস্তুত করার পাশাপাশি আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কার্যক্রম প্রস্তুত করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।” তিনি সভায় উল্লেখ করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত নির্দেশনা অনুসারে আগামী ২১ জুন/২০১৭ তারিখের মধ্যে ২০১৭-১৮ অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কার্যক্রম প্রস্তুতপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানকে নির্দেশক্রমে অনুরোধ করা হয়। একইসঙ্গে তাঁর আওতাধীন সকল দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য প্রণীত নির্দেশিকা অনুযায়ী আগামী ১৩ জুলাই/২০১৭ তারিখের মধ্যে এ সংক্রান্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। এরপর ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় আরো উল্লেখ করেন যে, ২০১৬-১৭ অর্থ বছরের প্রস্তুতকৃত পরিবীক্ষণ কার্যক্রমের ৩নং ক্রমিকে আইন/বিধি/নীতিমালা প্রণয়ন ও সংস্কারের অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, কর্মপরিকল্পনায় গৃহীত বেশীরভাগ বিধির কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়ে গেজেট প্রকাশিত হয়েছে। বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সম্প্রতি জারীকৃত নির্দেশনার আলোকে ২০১৭-১৮ অর্থ বছরের জন্য আইন/বিধি/নীতিমালা প্রণয়ন ও সংস্কারের বর্তমান কর্মপরিকল্পনার তথ্য এ বিভাগের সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখা থেকে সংগ্রহ করে প্রস্তুত করা হয়েছে। সদয় অনুমোদিত হলে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা যেতে পারে।

(অঃপূঃ)

